# নিয়োগ বিজ্ঞপ্তি



সূত্র: ৩০.৩৪.০০০০.০৭৩. ২৯.০০০.২৩/১১৬

তারিখ: ০৬-০৬-২০২৩ খ্রিঃ

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড-এ নিম্নে উল্লিখিত পদে জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্য বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র: নং | পদের নাম ও বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ০১ | এয়ারক্রাফট মেকানিক (মেইন্টেন্যান্স)<br>বেতন স্কেল-টা: ১২,৫০০/---৩০,২৩০/-<br>(বেতন বিভাগ-৩ টেক প্রশাসন)<br>পদ সংখ্যা: ৪০ টি<br>বয়স: ২৫-০৩-২০২০ খ্রিঃ তারিখে অনুর্দ্ধ ৩০ বছর এবং মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ৩২ বছর।<br><br>সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। | ১) CAAB/EASA Part 147 অনুমোদিত B1.1 (Aircraft Turbine) অথবা B2 (Avionics) কোর্স সম্পন্ন থাকতে হবে।<br>২) এয়ারক্রাফট মেইনটেন্যান্স প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০১ (এক) বছর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।<br>৩) এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় বিজ্ঞানসহ ১ম বিভাগ (1st Division) অথবা ন্যূনতম জিপিএ ৩.৫ (৫ এর মধ্যে) থাকতে হবে। ও লেভেলে গড়ে যে কোনো ৫টি এবং এ লেভেলে গড়ে যে কোনো ২টি বিষয়ে ন্যূনতম 'ডি' থাকতে হবে।<br>৪) এইচএসসি (HSC) পরীক্ষায় পদার্থবিজ্ঞান (Physics) ও গণিত (Mathematics) উভয় বিষয়ে ন্যূনতম ৬০% নম্বর অথবা ৩.৫ (৫ এর মধ্যে) [A-] থাকতে হবে। 'এ' লেভেলে পদার্থবিজ্ঞান (Physics) ও গণিত (Mathematics) উভয় বিষয়ে ন্যূনতম 'সি' থাকতে হবে। |

**শর্তাবলি ও অনলাইনে আবেদনপত্র পূরণ করার নিয়মাবলি:**

০১। বর্ণিত পদের জন্য বয়সসীমা ২৫-০৩-২০২০ খ্রিঃ তারিখে সর্বোচ্চ ৩০ বছর ও মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ৩২ বছর। এসএসসি পাশের সনদপত্রের ভিত্তিতে বয়স নির্ধারিত হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০২। উপর্যুক্ত পদের নির্বাচিত প্রার্থীগণ প্রাথমিকভাবে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রাপ্ত হবেন। সন্তোষজনক ০৩ (তিন) বছর চুক্তিভিত্তিক চাকুরি সম্পন্নের পর যোগদানের তারিখ হতে স্থায়ীভাবে আত্মীকরণ করা হবে।

০৩। নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর ওয়েবসাইটে www.biman.gov.bd এবং www.biman-airlines.com প্রকাশ করা হবে।

০৪। বিমান কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং পদনাম সংশোধন, পরিবর্তন এবং নিয়োগ বিজ্ঞপ্তি স্থগিত কিংবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

০৫। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয় ঃ-**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bbal.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শুরুর তারিখ ও সময়: ০৭-০৬-২০২৩ খ্রিঃ, সকাল ১০:০০টা।

ii. অনলাইনে আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ২৭-০৬-২০২৩ খ্রিঃ, বিকাল ০৫:০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online -এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০ Pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:**

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি নিশ্চিত করে PDF copy download ও রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid মোবাইল ফোন নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে বর্ণিত পদে আবেদন ফি অফেরতযোগ্য ৩৩৪/-(তিনশত চৌত্রিশ টাকা) অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দেবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"। অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ এবং চাকুরির বিজ্ঞপ্তিতে প্রকাশিত ন্যূনতম যোগ্যতার সাথে যেমন-বয়স, শিক্ষাগত যোগ্যতা, কোটা, জেলা ইত্যাদি যে কোনো বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দ্বারা পূরণকৃত আবেদন নিয়োগের যে কোনো পর্যায়ে বাতিল করা হবে। এক্ষেত্রে প্রার্থীর কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

- প্রথম SMS: BBAL <space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে ।
  Example: BBAL ABCDEF
- Reply: Applicant's Name, TK-(Application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BBAL<Space> Yes<Space>PIN and send to 16222.
- দ্বিতীয় SMS: BBAL<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে
  Example: BBAL YES 12345678
- Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BBAL Application for post XXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bbal.teletalk.com.bd ও www.biman.gov.bd এবং www.biman-airlines.com ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Pssword ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Pass word পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BBAL<Space>Help<Space>User<Space>User ID & send to 16222 .
Example: BBAL Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে BBAL<Space>Help<Space>PIN<Space>PIN No & send to 16222 .
Example: BBAL Help PIN 12345678 & send to 16222

ঝ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

০৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক সাক্ষাৎকারের পূর্বে সনদ/দলিল/প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে ঃ (১) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি, (২) প্রবেশপত্রের ফটোকপি, (৩) সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, (৪) শিক্ষাগত সকল সনদ ও ট্রান্সক্রিপ্টের ফটোকপি, (৫) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, (৬) নিজ জেলার সমর্থনে ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন/ওয়ার্ড কমিশনারের প্রদত্ত সনদ, (৭) অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)।

মোঃ সামছুদ্দোহা আকন্দ
উপ-মহাব্যবস্থাপক মানব সম্পদ (ভারপ্রাপ্ত)
মানব সম্পদ উপ-বিভাগ
বলাকা, কুর্মিটোলা, ঢাকা-১২২৯

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স
আকাশে শান্তির নীড়